



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ



কার্যালয় : ইউপি কার্যালয়  
উপজেলা : সদরপুর

ডাকঘর : আকোটেরচর  
জেলা : ফরিদপুর

### উপস্থিত সদস্যবৃন্দের নাম

তারিখ : ২২/০৬/২০২৩ ইং

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম	পদবি	কমিটিতে পদবি	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব আসলাম বেপারী	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব রোজিনা খাতুন	সংরক্ষিত সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব তাহমিনা আক্তার	সংরক্ষিত সদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব রাশেদা	সংরক্ষিত সদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব রব খালাসী	সাধারণ ইউপি সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৬	জনাব মোহাম্মদ আলী	সাধারণ ইউপি সদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৭	জনাব রাজ্জাক বেপারী	সাধারণ ইউপি সদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৮	জনাব আনোয়ার হোসেন	সাধারণ ইউপি সদস্য-৪	সদস্য	স্বাক্ষরিত	
০৯		সাধারণ ইউপি সদস্য-৫	সদস্য		সাময়িক বরখাস্ত
১০	জনাব ফারুক	সাধারণ ইউপি সদস্য-৬	সদস্য	স্বাক্ষরিত	
১১	জনাব আলতাফ হোসেন বিশ্বাস	সাধারণ ইউপি সদস্য-৭	সদস্য	স্বাক্ষরিত	
১২	জনাব মোঃ সোলাইমান মোল্যা	সাধারণ ইউপি সদস্য-৮	সদস্য	স্বাক্ষরিত	
১৩	জনাব গোলাম কিবরিয়া	সাধারণ ইউপি সদস্য-৯	সদস্য	স্বাক্ষরিত	

### আলোচনার বিষয়ঃ

- ০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে
- ০২। জুন /২০২৩মাসের আইনশৃঙ্খলা কমিটির সাধারণ সভা প্রসঙ্গে।
- ০৩। আকোটেরচর ইউনিয়ন পরিষদের মাসিক জন্মমৃত্যু নিবন্ধন টার্গেট পূরণে করণীয় বিষয়ে আলোচনা প্রসঙ্গে।
- ০৪। বিবিধ

অদ্যকার সভার শুরুতে আছলাম বেপারী , চেয়ারম্যান, ২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর সভাপতির আসন গ্রহণ করেন । সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ।

আলোচনা নং ০১- অদ্যকার সভার শুরুতে গত সভার বার্ষিক বিবরণী পাঠ করে শুনানো হলে সভায় তা সর্ব সম্মতি ক্রমে গৃহীত হলো ।

আলোচনা নং ০২- অদ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় সকল সদস্যদের স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন ।

সভাপতি মহোদয় আলোকপাত করেন যে, সাম্প্রতিক সময়ে আকোটেরচর ইউনিয়নে মাদকের প্রকোপ অনেক বেড়ে গিয়েছে । এমতাবস্থায় অত্র ইউনিয়নের সকল ইউপি সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যদের সংশ্লিষ্ট ওয়ার্ডের দিকে সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন । এছাড়াও বিভিন্ন অসৎ চক্র সমাজ ব্যবস্থাকে ধ্বংস করার জন্য বিভিন্ন ধরনের মাদকদ্রব্য ছড়িয়ে দিচ্ছে । তরুন সমাজে মাদকাসক্ত হয়ে নেশা গ্রস্থ হয়ে পড়ছে । এমতাবস্থায় সভাপতি মহোদয় প্রত্যেক ওয়ার্ডের গ্রাম পুলিশকে সজাগ থাকার নির্দেশ দেন । কোন অসামাজিক কার্যক্রম সংগঠিত হলে সাথে সাথে থানায় রিপোর্ট করতে নির্দেশনা দেন । তিনি আরো বলেন যে, অপরাধী যতই শক্তিশালী হোক না কেন, তার কঠোর হস্তে দমন করা হবে । তিনি ইউনিয়নের সকল মসজিদের ইমাম ও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে এ বিষয়ে সচেতন করার লক্ষ্যে দিক নির্দেশনা দেন এবং সকল ওয়ার্ড মেম্বারকে সজাগ থাকার নির্দেশনা দেন । সভাপতি মহোদয় আরও জানান যে, সামনে জাতীয় নির্বাচন, জাতীয় নির্বাচন কে কেন্দ্র করে অত্র ইউনিয়নে যেন কোন অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি না হয় সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে বলেন । তিনি ইউনিয়নের শান্তি শৃংখলা বজায় রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন ।

আলোচনা নং ০৩ঃ অদ্যকার সভায় সভাপতি মহোদয় আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর ফরিদপুরের মারফত জানতে পারেন যে, আকোটেরচর ইউনিয়ন পরিষদের মাসিক জন্মনিবন্ধন টার্গেট ৩২ আর মৃত্যু নিবন্ধন টার্গেট ০৭টি । উক্ত টার্গেট পূরণে অত্র ইউনিয়ন পরিষদের স্ব-স্ব ওয়ার্ডের গ্রামপুলিশ শিশু জন্মের সাথে সাথে শুভেচ্ছাবার্তা নিয়ে বাচ্চার জন্মনিবন্ধনে যাবতীয় সহযোগিতা করবে । শুধু গ্রামপুলিশ নয় জন্মমৃত্যু নিবন্ধন কার্যক্রম শতভাগ সফল করতে সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যসহ চেয়ারম্যান ও অত্র ইউনিয়ন পরিষদের সচিব উদ্যোক্তাকেও সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে । সকলের সমন্বিত প্রচেষ্টায় আমাদের অত্র ইউনিয়ন পরিষদের কাজিত লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারব মর্মে প্রস্তাব করেন ।

সিদ্ধান্ত : উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অত্র সভায় দীর্ঘ সময় আলোচনার চাহিত ছক মোতাবেক তালিকা প্রস্তুত করিয়া উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে পাঠানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো ।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানাইয়া সভার শেষ করেন ।



আছলাম বেপারী

চেয়ারম্যান

২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ

সদরপুর, ফরিদপুর ।

